

‘সূর্যসেনকে ফাঁসির আগে নির্যাতনের জন্য বৃটিশদের ক্ষমা চাইতে হবে’

অগ্নিযুগের বিপ্লবী মাস্টারদা সূর্যসেনকে মৃত্যুদণ্ড কার্যকরের আগে নির্যাতন করার দায়ে বৃটিশদের ক্ষমা চাইতে হবে বলে দাবি করেছেন বর্ষীয়ান রাজনীতিক ও সংসদ সদস্য মঈনউদ্দিন খান বাদল।

মাস্টারদা সূর্যসেনের ৮৬ তম ফাঁসি দিবস উপলক্ষে শনিবার (১২ জানুয়ারি) নগরীর জে এম সেন হলে বিপ্লবী তারকেশ্বর দস্তিদার স্মৃতি পরিষদ আয়োজিত এই অনুষ্ঠানে তিনি এ দাবি করেন।

প্রধান অতিথির বক্তব্যে বাদল বলেন, ‘বৃটিশদের প্রতি ক্ষমা প্রার্থনার দাবি আমি সংসদে উত্থাপন করব। একইসঙ্গে সেদেশের সরকারের কাছেও চিঠি লিখব।’

এ সময় তিনি যারা বিশ্বব্যাপী গণতন্ত্র শেখায় তাদের উদ্দেশ্যে বলেন, ‘এই মহান স্বাধীনতা সংগ্রামীর শেষ দিনগুলোর বিবরণ আমাদের জানানো হোক। যদি তার মৃতদেহ মাটিতে পুঁতে ফেলা হয়, কোথায়? এটা আপনাদের বলতে হবে। সেই রেকর্ড আমরা পেতে চাই, দেখতে চাই। আর যদি বলেন সমুদ্রে ফেলা হয়েছে। সেটাও পরিষ্কার ভাবে বলতে হবে।’

জাসদের (আম্ফিস) কার্যকরী সভাপতি ও চট্টগ্রাম-৮ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য বাদল বলেন, ‘এটাও জানতে চাই, তথাকথিত সভ্য ব্রিটিশদের কাছে সূর্যসেনকে জীবিত না মৃত অবস্থায় ফাঁসিতে তোলা হয়েছে। একইভাবে জানতে চাই, ফাঁসির আগে তাকে জঘন্য রকম যে অত্যাচার করা হয়েছিল সেটা পৃথিবীর কোন আইনে করেছিল? এজন্য ক্ষমা প্রার্থনার দাবি জানাই। এই ব্যাখ্যাগুলো আমরা জানতে চাই।’

প্রসঙ্গত, ১৯৩৪ সালের ১২ জানুয়ারি মধ্যরাতে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে সূর্য সেন ও বিপ্লবী তারকেশ্বর দস্তিদারের ফাঁসি কার্যকর করা হয়।